

০২ নং মোজারপুর ইউনিয়ন সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধন টার্মফোর্স সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ আলমগীর হোসেন
সভার স্থান : ইউনিয়ন পরিষদ সভা কক্ষ
তারিখ : ২৫/০৬/২০২৪খ্রিঃ,
সভার উপস্থিতি : পরিশিষ্ট ক"

সকাল ১২.৩০ ঘটিকা

সভার শুরুতে সভাপতি সাহেব সভায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত সকলের উদ্দেশ্য সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধনের গুরুত্ব তুলে ধরেন। জন্ম-মৃত্যু নিবন্ধনের বহুমাত্রিক ব্যবহার ও প্রয়োজনীয়তা সম্পর্কে ও তিনি বিস্তারিত আলোচনা করেন। সভাতে গত সভার কার্য বিবরণী পাঠ করা হয় এবং কোনরূপ সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্য সূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

১. ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৩৬৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধন বিষয়ে আলোচনাঃ
সভাতে ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম ও মৃত্যু নিবন্ধন ও ০-৩৬৫ দিন বয়সী জন্ম/মৃত্যু নিবন্ধন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। আলোচনা কালে জানা যায় যে, মোজারপুর ইউনিয়নের গত মাসে ০-৩৬৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৩৬৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধনের হার সন্তোষজনক। এই সন্তোষজনক ফলাফলের জন্য সভাপতি সাহেব উক্ত কাজের সাথে সংশ্লিষ্ট সকল কে বিশেষতঃ গ্রামপুলিশ ও কমিটির সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আরও জানান যে, জন্ম-মৃত্যু নিবন্ধন আইন-২০০৪ (সংশোধিত ২০১৩) এর ৮(১) ও ৮(২) ধারা অনুযায়ী শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার বাধ্যবাধকতা রয়েছে। উক্ত আইনের ধারা অনুযায়ী সরকার কর্তৃক জন্মের বা মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধনের জন্য প্রয়োজনীয় তথ্য নিবন্ধকের নিকট প্রদানের বিষয়ে অভিভাবকগণ কে সচেতন করার বিষয়ে তিনি সকল সদস্যের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং প্রচার-প্রচারনা অব্যাহত রাখারও আহ্বান জানান।

সভাতে ইউপি সদস্যবৃন্দরা জানান যে, আমাদের প্রচার-প্রচারনা যথাযথ হচ্ছে এবং জনগণের মধ্যে একটি পরিবর্তন লক্ষ্য করাও যাচ্ছে। কিছু কিছু অভিভাবক এ বিষয়ে অনিহা প্রকাশও করছে, তাদেরকে আইন ও বিধির আলোকে বুঝানোর ফলে তারাও আত্মপ্রকাশ করছে মর্মে সভাকে অবহিত করেন।

ইউনিয়ন সহকারী স্বাস্থ্য পরিদর্শক জনাব চন্দন কুমার দাস জানান যে, তাদের বিভাগের পক্ষ থেকেও ব্যাপক প্রচার প্রচারণা করা হচ্ছে; প্রতি সপ্তাহের ইপিআই টিকা প্রদানের সময়ও তারা নবাগত শিশুর পিতা-মাতাকে জন্ম-নিবন্ধন করার বিষয়ে জোর পরামর্শ প্রদান করছেন। পাশাপাশি মৃত্যু নিবন্ধন করার জন্যও তারা জনগণ কে পরামর্শ প্রদান করছেন। ভবিষ্যতেও এই ধারা অব্যাহত থাকবে বলে আশাব্যক্ত করেন।

ইউনিয়ন পরিবার পরিকল্পনা পরিদর্শক জনাব উবাইদুল্লাহ জানান যে, তাদের বিভাগের কর্মীগণ যখন মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা সেবা প্রদান করছেন তখন তারা সকল স্তরের জনগণ কে শিশুর জন্মের পরপরই জন্ম নিবন্ধন করার বিষয়ে সচেতন করছেন। এছাড়াও তাদের পক্ষ থেকে প্রতি মাসের নিধারিত ফরমে পূরনকৃত তথ্য নিয়মিত ইউনিয়ন পরিষদে প্রদান করছেন। তবে তিনি জানান যে তাদের বিভাগের কর্মী